জামায়াত আমিরের সঙ্গে ফ্রান্সের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে ঢাকায় নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত জ্যঁ-মার্ক সেরে-শার্লেট সৌজন্য সাক্ষাৎ করেছেন।

রোববার (২৫ জানুয়ারি) সন্ধ্যায় দলের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে রাষ্ট্রদূতের সঙ্গে ছিলেন ডেপুটি রাষ্ট্রদূত ফ্রেদেরিক ইনজা এবং অর্থনৈতিক উপদেষ্টা জুলিয়েন ডিউর।

আলোচনায় বাংলাদেশের আসন্ন জাতীয় সংসদ নির্বাচনসহ দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট নানা বিষয় উঠে আসে। উভয় পক্ষই বাংলাদেশ–ফ্রান্স সম্পর্ক ভবিষ্যতে আরও দৃঢ় ও কার্যকর হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

বৈঠকে জামায়াত আমিরের সঙ্গে উপস্থিত ছিলেন দলের সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের, শিক্ষাবিদ ড. যুবায়ের আহমেদ এবং পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মাহমুদুল হাসান।

LENS ASIA